

Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 19 April, 2025

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ও স্নাতক শ্রেণিতে প্রথম বর্ষের ভর্তি-পরীক্ষার দ্বিতীয় দিনের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে আজ শনিবার (১৯ এপ্রিল) এ ইউনিটের পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়। দুই শিফটে বিভক্ত এই পরীক্ষায় প্রথম শিফটে সময় নির্ধারিত ছিল সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত এবং দ্বিতীয় শিফটে দুপুর ২টা ৩০ মিনিট থেকে ৩টা ৩০ মিনিট পর্যন্ত।

ভর্তি-পরীক্ষা চলাকালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর সালেহ হাসান নকীব পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন এবং ডিনস কমপ্লেক্সের সামনে উপস্থিত গণমাধ্যমকর্মীদের পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন তথ্য অবহিত করেন। এসময় উপ-উপাচার্য (প্রশাসন) প্রফেসর মোহাম্মদ মাদ্দীন উদ্দীন, উপ-উপাচার্য (শিক্ষা) প্রফেসর মোহা. ফরিদ উদ্দীন খান, কোষাধ্যক্ষ প্রফেসর মো. মতিয়ার রহমান, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার প্রফেসর ইফতিখারুল আলম মাসউদ, প্রক্টর প্রফেসর মো. মাহবুবুর রহমান, ছাত্র-উপদেষ্টা ড. মো. আমিরুল ইসলাম ও জনসংযোগ দপ্তরের প্রশাসক প্রফেসর মো. আখতার হোসেন মজুমদারসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

পরীক্ষার্থীর প্রথম শিফটে অংশ নেয় ৪৮ হাজার ৮২ জন পরীক্ষার্থী। এর মধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রে অংশ নেয় ১৫ হাজার ৭৯২ জন; ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৬ হাজার ৬৬৪ জন; বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ৮ হাজার ৫৭ জন; খুলনা বিশ্ববিদ্যালয়ে ৫ হাজার ২৬৮ জন এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২ হাজার ৩০১ জন। রাজশাহী কেন্দ্রে উপস্থিতির হার ছিল ৮৯.৪৮ শতাংশ।

দ্বিতীয় শিফটে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৪৮ হাজার ৮০ জন। এর মধ্যে রাজশাহী কেন্দ্রে ১৫ হাজার ৭৯২ জন; ঢাকা কেন্দ্রে ৬ হাজার ৬৬৩ জন; জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ১০ হাজার; বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ৮ হাজার ৫৬ জন; খুলনায় ৫ হাজার ২৬৮ জন এবং চট্টগ্রামে ২ হাজার ৩০১ জন পরীক্ষার্থী অংশ নেয়। রাজশাহী কেন্দ্রে উপস্থিতির হার ছিল ৮৯.৮২ শতাংশ।

প্রসঙ্গত, এবার ভর্তি-পরীক্ষার্থীদের ভ্রমণ ও ভোগান্তি কমানোর লক্ষ্যে রাজশাহী ছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয় এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় কেন্দ্রে একযোগে পরীক্ষা গ্রহণ করা হচ্ছে।

উল্লেখ্য, আগামী ২৬ এপ্রিল ২০২৫ শনিবার অনুষ্ঠিত হবে সি ইউনিটের ভর্তি-পরীক্ষা।

রাজশাহী বিশ্ববিদ্যালয় উপাচার্য

URL: <https://timestodaybd.com/campus/7758071085>